# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 18 July, 2025

জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে আগামীকাল শনিবার (১৯ জুলাই) সারা দেশে একযোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হবে। প্রতিটি জেলায় শহীদদের সংখ্যার সমান গাছ রোপণের মধ্য দিয়ে এ কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

শুক্রবার (১৮ জুলাই) সরকারি এক তথ্য বিবরণীতে জানানো হয়, এটি 'জুলাই পুনর্জাগরণ' অনুষ্ঠানমালার অংশ হিসেবে আয়োজন করা হচ্ছে। কর্মসূচির অংশ হিসেবে ১৯ জুলাইকে গণহত্যা ও ছাত্রজনতার প্রতিরোধ দিবস হিসেবে স্মরণ করা হবে।

এই উপলক্ষে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত হবে একটি মিউজিক্যাল ভিডিও, যার থিম সংগীত হিসেবে থাকবে "কত বিপ্লবী বন্ধুর রক্তে রাঙা"।

এদিন 'একটি শহীদ পরিবারের সাক্ষ্য' ডকুমেন্টারির পঞ্চম পর্ব এবং একজন জুলাই যোদ্ধার স্মৃতিচারণমূলক ভিডিও প্রচার করা হবে। অনুষ্ঠানমালা সব মন্ত্রণালয়, বিভাগ এবং দপ্তরের ফেসবুক পেজ, ইউটিউব চ্যানেলসহ বিভিন্ন ডিজিটাল মাধ্যমে সম্প্রচার করা হবে।

এছাড়াও ভিডিও কনটেন্টগুলোর ইউআরএল দেশের সব মোবাইল গ্রাহকের কাছে পাঠানো হবে।

ঢাকার সাভারে শহীদদের স্মরণে একটি জনসমাবেশ আয়োজনের কথাও জানানো হয়েছে। একইসঙ্গে সারা দেশের গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শিত হবে 'এনফোর্সড ডিসঅ্যাপিয়ারেন্স', 'আবরার ফাহাদ' ও 'আয়নাঘর স্টোরিজ'-সহ জুলাই কেন্দ্রিক কয়েকটি প্রামাণ্যচিত্র ও চলচ্চিত্র।

বৃক্ষরোপণ কর্মসূচি জুলাই গণঅভ্যুত্থান জুলাই পুনর্জাগরণ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:23

URL: https://timestodaybd.com/public/national/4950589410